

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, শালিখা, মাগুরা
doict.shalikhmagura.gov.bd

উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
সভার তারিখ ৩১-১০-২০২৩ খ্রিঃ
সভার সময় দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান উপজেলা পরিষদ কনফারেন্স রুম
উপস্থিতি উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্য

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনান ও সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন এবং কার্যবিবরণীটি সকলের সম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। সদস্যগণ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান সম্পর্কে সভাকে অবহিত করেন এবং সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনাসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/অগ্রগতি
০১	উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্য	উপজেলার সকল সরকারি অফিস ও প্রতিটি ইউনিয়নের ওয়েব পোর্টাল বিষয়ে আলোচনা করা হয়। আইসিটি ডিভিশন ও A2I এর নির্দেশনা অনুযায়ী স্ব স্ব দপ্তর জরুরিভিত্তিতে প্রোফাইল ও শক্তিশালী পাসওয়ার্ড পরিবর্তন করে নিবেন। স্ব স্ব দপ্তর তথ্য বাতায়নের নির্ধারিত কন্টেন্ট বাংলার পাশাপাশি ইংরেজিতে হালনাগাদের করবেন। পোর্টালের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে টু-স্টেপ ভেরিফিকেশন চালু করার তাগিদ দেওয়া হয়।	২.১। স্ব স্ব দপ্তর প্রয়োজন মোতাবেক প্রোফাইল/পাসওয়ার্ড পরিবর্তন করবেন। ২.২। তথ্য বাংলা ও ইংরেজিতে হালনাগাদ করতে করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, ইউপি সচিব, ইউডিসির উদ্যোক্তা
০২	ই-সেবা কার্যক্রম:	শালিখা উপজেলায় যে সকল দপ্তরে নথি সিস্টেমে লাইভে আছে তাদের ই-নথির নতুন ভার্সন (D-Nothi) উন্নয়নের কাজ চলমান। সভাপতি মহোদয় অন্যান্য দপ্তরসমূহকে ডি-নথির মাধ্যমে কাজ করার জন্য উৎসাহ ও অনুপ্রেরনা দেন।	পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	এ উপজেলায় এ পর্যন্ত ১৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবের কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে নিয়মিত শিক্ষার্থীদের আইসিটি ক্লাস ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং স্কুল অফ ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ০৪ জন করে মোট ৫২ জন শিক্ষকের ১০ দিন ব্যাপি প্রশিক্ষণ এর ০৩টি ব্যাচে মোট ৫২ জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া অধিদপ্তরের ইডিসি প্রকল্প থেকে প্রাপ্ত ১৪ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের নিমিত্তে প্রতিষ্ঠানগুলোর প্রাথমিক যাচাই বাছাই শেষে প্রতিবেদন জেলা প্রশাসক, মাগুরা মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	ল্যাবের যথাযথ ব্যবহার হয় তা মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয় এবং ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার ও একাডেমিক সুপারভাইজার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ

০৪	জয় সেট সেন্টার	উপজেলা ও জেলা পর্যায়ে ৫৫৫টি জয় সেট সেন্টার নির্মাণের অংশ হিসেবে শালিখা উপজেলায় গত ১৮ই অক্টোবর ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ডিডিও কনফারেন্সিং এর মাধ্যমে জয় সেট সেন্টারের ভিত্তি প্রস্থ স্থাপন করেন।	উপজেলা পর্যায়ে ৪তলা উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণের পর সেটির উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে জয় সেট সেন্টার নির্মিত হবে।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রোগ্রামার।
০৫	বিবিধ	শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা বিষয়েও আলোচনা হয়।	শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা করতে হবে।	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, সহকারী প্রোগ্রামার



(হরেকৃষ্ণ অধিকারী)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি

শালিখা, মাগুরা।

ফোন: ০১৭৩৩৩৯৯৭৮০


ই-মেইল: unoshalikha@gmail.com

স্মারক নং- ৫৬.০৪.৫৫৬৬.০০০.৩১.০০৪.২৩-৩৬

তারিখ: ১৭ কার্তিক, ১৪৩০
০২ নভেম্বর, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য, মাগুরা-২, মাগুরা।
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক, মাগুরা।
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা।
- ৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাগুরা
- ৬)
- ৭) অফিস, নথি।



(মোঃ সুমন মিয়া)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

শালিখা, মাগুরা।

মোবাইল: ০১৯৩৭৭৫৪৩৯২